

একই স্মারক ও তারিখের অলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.১৫-১৮৪৭৩/১০

তারিখ: ১০/১২/২০২৪খ্রি.

বিষয়: বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রণয়নকৃত কর্মসূচীর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭-৪২২; তারিখ ০৩/১২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধান উপদেষ্টার উদ্দীপক ঘোষণা “এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল)-২০২৫ এর সাথে সমন্বয় করে Youth Festival বাস্তবায়নের নিমিত্তে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

১। পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম:

(ক) শিক্ষার্থীদের বিভিন্ন গ্রুপে ভাগ করে প্রতিটি গ্রুপকে সপ্তাহে ১ দিন ১টি শ্রেণিকক্ষসহ প্রতিষ্ঠান প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্নতার দায়িত্ব প্রদান করতে হবে। এভাবে সপ্তাহে ৫ দিন প্রতিটি গ্রুপ নিজ নিজ শ্রেণিকক্ষসহ প্রতিষ্ঠান প্রাঙ্গণ পরিষ্কারের দায়িত্ব পালন করবে। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রত্যেক শ্রেণির পরিচ্ছন্নতা কার্যক্রমের গুণাভিত্তিক সময়সূচি নির্ধারণ করে নোটিশ আকারে প্রকাশ করবে। কার্যক্রমটি চলমান থাকবে।

২। জুলাই বিপ্লবকে অর্ধবহু করতে তারুণ্যের প্রতীক ৩৬ জুলাইকে সকলের মাঝে ভুলে ধরার কার্যক্রম:

(ক) জানুয়ারির ১ম সপ্তাহে প্রতিষ্ঠানে তারুণ্য মেলা সম্পর্কিত ব্যানার প্রদর্শন করবে।

(খ) জানুয়ারির ২য় সপ্তাহে তারুণ্য মেলা ৩দিন ব্যাপী অনুষ্ঠিত হবে। মেলায় শিক্ষার্থীদের উদ্ভাবনী শক্তিকে প্রদর্শনের জন্য স্টলের ব্যবস্থা করতে হবে। মেলায় স্থানীয় ঐতিহ্য এবং সাহিত্য ও সংস্কৃতি তুলে ধরতে হবে।

(গ) জানুয়ারী ৩য় সপ্তাহে সুবিধাজনক তারিখ ও সময়ে জুলাই বিপ্লবে অংশগ্রহণকারী আহত/আহতদের পরিবারের সদস্য/শহীদ পরিবারের সদস্যদের আমন্ত্রণ জানিয়ে জুলাই বিপ্লবের প্রেক্ষাপট ও ফ্যাসিবাদ বিরোধী আলোচনা সভার আয়োজন করতে হবে।

৩। উদ্ভাবন ও উদ্যোক্তা বিষয়ক কার্যক্রম:

(ক) জানুয়ারির ৪র্থ সপ্তাহে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা থাকলে তাদের পাশাপাশি স্থানীয় সফল উদ্যোক্তাদের আমন্ত্রণ জানিয়ে উদ্যোক্তা ও সোশ্যাল বিজনেস বিষয়ক আলোচনা সভার আয়োজন করতে হবে।

৪। পরিবেশ সুরক্ষা সংক্রান্ত কার্যক্রম:

(ক) ফেব্রুয়ারির ১ম সপ্তাহে সুবিধাজনক সময়ে পলিথিন ও প্লাস্টিক বর্জন এবং পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বিষয়ে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক এবং স্থানীয়ভাবে পরিবেশ সুরক্ষা বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে আলোচনা সভার আয়োজন করতে হবে।

উল্লিখিত কর্মসূচি এ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য উপজেলা ও জেলা পর্যায়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো।

উপজেলা পর্যায়ে:

১। উপজেলার বৃহৎ ও পুরাতন সরকারি কলেজের অধ্যক্ষ	-	আহবায়ক
২। উপজেলার বেসরকারি কলেজের একজন অধ্যক্ষ (অহবায়ক কর্তৃক মনোনীত)	-	সদস্য
৩। উপজেলার বৃহৎ ও পুরাতন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক	-	সদস্য
৪। উপজেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক (উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	-	সদস্য সচিব


জেলা পর্যায়ে:

১। জেলার বৃহৎ ও পুরাতন সরকারি কলেজের অধ্যক্ষ	-	আহবায়ক
২। জেলার বেসরকারি কলেজের একজন অধ্যক্ষ (অহবায়ক কর্তৃক মনোনীত)	-	সদস্য
৩। জেলার বৃহৎ ও পুরাতন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক	-	সদস্য
৪। জেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক (জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫। জেলা শিক্ষা কর্মকর্তা	-	সদস্য সচিব

সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক ও সদস্য সচিব কমিটির অন্যান্য সদস্যের সমন্বয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। কমিটি গঠনের বিষয়ে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হলে কমিটির সদস্য সচিব সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের পরিচালক/উপপরিচালকের সাথে পরামর্শ করে সমাধান করবেন।

কর্মসূচি সার্বিক ভাবাবধান করবেন:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)



(মোঃ খালিদ হোসেন)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

ad-admin@dshe.gov.bd

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ২) অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)/টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৪) জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৫) প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)
- ৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় সচিবালয় বাংলাদেশ, ঢাকা;
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (সকল);
- ৩) পরিচালক, এইচএসটিটিআই (সকল);
- ৪) উপপরিচালক, শারীরিক শিক্ষা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৭) সংরক্ষণ নথি।